

বাংলাদেশ ও ভারত

# দুই দেশের দুইশো কবিতা

হুমায়ূন কবীর ঢালী

সম্পাদিত



“কবিতা, কাব্য বা পদ্য হচ্ছে শব্দ প্রয়োগের  
ছন্দসিক কিংবা অনিবার্য ভাবার্থের বাক্য  
বিন্যাস- যা একজন কবির আবেগ-অনুভূতি,  
উপলব্ধি ও চিন্তা করার সংক্ষিপ্ত রূপ এবং তা  
অত্যাবশ্যকীয়ভাবে  
উপমা-উৎপ্রেক্ষা-চিত্রকল্পের সাহায্যে  
আন্দোলিত সৃষ্টির উদাহরণ। পৃথিবী নামক  
গ্রহের তাবৎ বিষয়কে পূঁজি করে কবিতা  
ফলত সুমধুর শ্রুতিযোগ্যতা যুক্ত করে।”

- রবীন্দ্রনাথ ঠাকুর

বাংলাদেশ ও ভারত  
দুই দেশের দুইশো কবিতা  
হুমায়ূন কবীর ঢালী সম্পাদিত

অতিথি সম্পাদক  
রফিক উল ইসলাম (পশ্চিমবঙ্গ)  
বিমলেন্দু চক্রবর্তী (ত্রিপুরা)  
অজিত পাত্র (ওড়িশা)



বাংলাদেশ ও ভারত দুই দেশের দুইশো কবিতা  
হুমায়ুন কবীর ঢালী সম্পাদিত

প্রথম প্রকাশ : একুশে বইমেলা ২০২৪, ফাল্গুন ১৪৩০

প্রকাশক গুলশান আরা বাবলী

অন্বয় প্রকাশ, ৩৮/২ খ, তাজমহল মার্কেট, বাংলাবাজার, ঢাকা-১১০০  
annoyparalkash2017@gmail.com. 01716-089012, 01759565703

বিদেশে পরিবেশক

মুক্তধারা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

অরিয়ল, কলেজ স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ

বইবাংলা, স্টল ১৭, ব্লক ২, সূর্য সেন স্ট্রিট কলকাতা, পশ্চিমবঙ্গ

অনলাইন পরিবেশক [rokomari.com/annoyprakash](http://rokomari.com/annoyprakash)

স্বত্ব : লেখক

প্রচ্ছদ : গুলশান কবীর

মূল্য : ৪৫০.০০

Bangladesh O Bharot : Dui Desher Duisho Kobita

Edited by Humayun Kabir Dhali

Publiished by Gulshan Ara Bubly

Annroy Prakash, 38/2 Kha, Tajmahal Market, Banglabazar, Dhaka 1100

Local Price in BDT: 450.00 Only

Intl. Price 200.00 USD: \$ 20.00 Only

ISBN : 978-984-97894-4-4

গায়ে এসে পড়ে  
কারা যেন শববাহনের গাড়ি জোরসে থামিয়ে শিশুটিকে নিয়ে  
শহরের দিকে ছুটে যায়...  
সন্কেবেলায় আমি গুণ্ডঘাতকের হাত ধরে কাঁদি, বলি

আমাকে মেরো না। আমারও তো পূর্বনাম  
আমিও তো মাতৃমুখী জাতক ছিলাম...

## নারীর স্নান

অরিন্দম রায়

নারীরা স্নানের সময় প্রথমেই কল খুলে দেয় যাতে তাদের হিসির শব্দ  
কেউ শুনতে না পায়।  
পরিপাটি গোছানো চুল তুলে বেঁধে নেয় ঘাড় থেকে খানিকটা ওপরে।  
সাবান মাখার পরে  
নতুন দু'টি জিওল মাছের মতো খলবল করে ওঠে। প্রতিটি বুদবুদকে তারা  
দৃঢ় মেরুদণ্ড বেয়ে  
পাছার বালিশে গুতে দিয়ে নেমে আসতে দেয় গোড়ালির কাছে।  
তারপর ফটাস করে মেরে ফেলে।

এই সেই দক্ষতা যার মধ্যে মিশে আছে ধর্মবকের ধৈর্য, যাজকের  
অভিনিবেশ আর চিতাবাঘের ক্ষিপ্ততা।

যে-কোনও মধ্যসফল ম্যাজিশিয়ান বা একজন দক্ষ খুনির কাজ এটাই  
যে তাকে দেখছে-তার মনোযোগ অন্যদিকে ঘুরিয়ে দেওয়া-

## ভূমি কিংবা ঈশ্বরের কবিতা

অবশেষ দাস

যারা মাটি ভালবাসে, তারা ঈশ্বরে বিশ্বাসী।  
শব্দ অপেক্ষা মানুষের পায়ের ধ্বনি  
যাদের বুকের ভেতর মুক্ত হাওয়ার উৎসব লেখে,  
আমি তাদের আন্তিক বলে জানি।

মানুষের কাছে পাড়ি দেওয়ার আজীবন সাধ  
যাদের বুকে অনন্ত পৌষ বয়ে আনে  
তঁরাই তো ঈশ্বরের কাছে বসে থাকতে চায়।

মানুষের দুঃখের কাছে যারা সমব্যথী,  
ঈশ্বর তাঁদের প্রতি নদী ও প্রণামের মতো অনুগত

ঈশ্বরের নিজের কোনও দরজা নেই,  
মানুষের জীবনের দরজা দিয়ে তাঁর লীলাময় যাতায়াত...

## দেবী চৌধুরাণী পালা

নির্মাল্য মুখোপাধ্যায়

দেবী চৌধুরাণী পালা দেখে ফিরছি। আমার বনপথ  
আর আমার কান্নায় চোখে জল এসে গেল।

এই যে সবুজ রাত্রি কেমন মহুয়া নেশার মতো সব  
নিজেকে নিজের জড়িয়ে ধরেছে আকুল। এই যে  
দৃশ্যফুল, একটিকে পেড়ে আনি, মাথায় লাগাই  
লালের আলোয় জ্বলে উঠে ভয়; শুকতারা  
আমার লক্ষ্যটি যেন কেরোসিন, ধ্রুমে হাবুডুবু শিখা,  
দেখেছি একপাশে পড়ে আছে নদী; কপালেশ্বরী ঘাট  
এইখানে একদিন বালি মূর্মুকে স্বপ্নে দেখেছি  
আজ বালি হাওয়া বন পথ সব যেন হাওয়া আর  
মৃত্যুর মতো মনে হয়। বুনো কাঁটা পায়ের রক্ত  
ফেঁসে গাড় বেঁধে আছে—

হে ভুবন, হে গাড় দ্যাখো চাঁদের আলোয় আজ  
ভেসে যাচ্ছে মৃত্যুহীন ব্রজেশ্বর, বলো,

কোন পথে গেলে, আজ বাড়ি পৌঁছব আমি।

পাতালকন্যার গল্প  
রাকা দাশগুপ্ত



অন্য



9 789849 789444